

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১৯, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ৪ঠা আশ্বিন, ১৩৯৫/১৯শে সেপ্টেম্বর, ১৯৮৮

নং এস, আর, ও ২৮৭-আইন/৮৮—Youth Welfare Fund Ordinance, 1985 (XL of 1985) এর section 12 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :

১। সংক্ষিপ্ত শিরোনামা।—এই বিধিমালা যুব কল্যাণ তহবিল বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছ্ না থাকিলে, এই বিধিমালার,—

- (ক) “অধ্যাদেশ” অর্থ Youth Welfare Fund Ordinance, 1985 (XL of 1985);
- (খ) “বোর্ড” অর্থ অধ্যাদেশের section 5 এর অধীন গঠিত Youth Welfare Fund Management Board ;
- (গ) “সদস্য” অর্থ বোর্ড এর members ;
- (ঘ) “সচিব” অর্থ অধ্যাদেশের section 5(d) এর অধীন নির্ধারিত বোর্ডের Secretary.

৩। বোর্ডের সভা।—(১) বোর্ডের সভা সাধারণতঃ দুই মাস পর পর অনুষ্ঠিত হইবে।

(২) সভা অনুষ্ঠানের ১০ দিন পূর্বে সচিব সকল সদস্যগণকে লিখিত নোটিশ দ্বারা সভার তারিখ, সময় ও স্থান সম্পর্কে অবহিত করিবেন।

( ১২৮৩১ )

মুদ্রা : ৩০ পত্রিকা

(৩) কোরামের অভাবে কোন সভা অনুষ্ঠান সম্ভব না হইলে তিন দিনের নোটিশ দ্বারা মূলতর্কী সভা আহ্বান করা যাইবে।

(৪) সভাপতির বিবেচনায় কোন বিষয়ে জরুরী সিদ্ধান্ত নেওয়ার প্রয়োজন হইলে, তিনি ২৪ ঘণ্টার নোটিশ দ্বারা বোর্ডের বিশেষ সভা আহ্বান করিতে পারিবেন।

(৫) উপস্থিত সদস্যদের নাম এবং কোন ব্যাপারে তাহদের প্রদত্ত ভোট, ইত্যাদি, যিনি সভায় সভাপতিত্ব করিবেন তিনিই রেকর্ড করিবেন।

(৬) সচিব এবং তাহার অনুপস্থিতিতে সভাপতির সিদ্ধান্ত মোতাবেক বোর্ডের কোন সদস্য সভার কার্যক্রম একটি বইতে লিপিবদ্ধ করিবেন এবং পরবর্তী সভায় এই কার্যক্রম সভাপতি অনুমোদিত করিবেন।

(৭) কোন সদস্যদের স্বার্থ আছে এই ধরনের কোন বিষয় সভার কার্যক্রম থাকিলে ঐ সদস্য অনুদ্রুপ সভার কার্যক্রমে অংশগ্রহণ করিতে পারিবেন না।

৪। সচিবের দায়িত্ব ও কার্যাবলী।—বোর্ডের চেয়ারম্যানের সাধারণ নিদর্শনা এবং নিয়ন্ত্রণাধীনে সচিব নিম্নবর্ণিত বিষয়সমূহে দায়িত্ব পালন করিবেন, যথাঃ—

- (ক) বোর্ড এর নথিপত্র রক্ষণাবেক্ষণ ;
- (খ) কল্যাণ তহবিল হইতে অনুদান ও পুরস্কার প্রদান তদারকী ;
- (গ) বোর্ড এর সভার নোটিশ জারীকরণ ;
- (ঘ) বোর্ড এর সকল সিদ্ধান্ত বস্তবায়ন ; এবং
- (ঙ) বিভিন্ন সময়ে বোর্ড এর চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত যেকোন কর্তব্য সম্পাদন।

৫। সদস্যদের ফি এবং ভ্রমণ ভাতা।—সভার অংশগ্রহণের জন্য সদস্যদের ফি এবং ভ্রমণ ভাতা বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
বেগম সাদেকা খান্নিউল্লাহ  
উপ-সচিব।